

# অ্যাপে আছেন ‘বঙ্গবন্ধু’

অনলাইন ডেস্ক

১৫ আগস্ট ২০১৭, ১০:০৪

আপডেট: ১৫ আগস্ট ২০১৭, ১১:৪৯



বঙ্গবন্ধু অ্যাপজাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিজীবন ও রাজনৈতিক জীবন নিয়ে গুগল প্লে স্টোরে রয়েছে ‘বঙ্গবন্ধু’ নামের অ্যাপ্লিকেশন। তরুণ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু সম্পর্কে তথ্য তুলে ধরতে বঙ্গবন্ধু মোমোরিয়াল ট্রাস্টের অ্যাপটি তৈরি করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। অ্যাপটির নতুন সংস্করণে বঙ্গবন্ধুর ভাষণের রঙিন ভিডিওচিত্র সংযুক্ত হয়েছে। অ্যাপ্লিকেশনটি ৮৬ হাজার ডাউনলোড হয়েছে। অ্যাপ্লিকেশনটির মূল মেন্যুতে বঙ্গবন্ধুর আত্মজীবনী, ভাষণ, সাক্ষাৎকার, চিঠি, ছবির গ্যালারি ও বঙ্গবন্ধু জাদুঘর-এ ছয়টি মেন্যু পাওয়া যাবে। আত্মজীবনীতে প্রবেশ করলে সংক্ষিপ্ত জীবনী ও অসমাপ্ত আত্মজীবনী নামের দুটি সাব-মেন্যু পাওয়া যাবে। সংক্ষিপ্ত জীবনীতে ১৯২০ থেকে শুরু করে ১৯৭৫ সাল পর্যন্ত বিভিন্ন ঘটনায় বঙ্গবন্ধুর নেতৃত্ব বিষয়ে জানা যাবে।

অসমাপ্ত জীবনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘অসমাপ্ত আত্মজীবনী’ বইটির পিডিএফ সংস্করণ পাওয়া যাবে। ভাষণ মেন্যুতে ঢুকলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গুরুত্বপূর্ণ সব ভাষণ পাওয়া যাবে। ছবির গ্যালারিতে তাঁর ১১৩টি দুর্লভ ছবি রয়েছে। চিঠি মেন্যুতে বঙ্গবন্ধুর হাতে লেখা অনেক চিঠির স্ক্যান কপি পাওয়া যাবে। চিঠিগুলো বঙ্গবন্ধু জেলে রাজনৈতিক সহকর্মীসহ পরিবার ও বন্ধুদের লিখেছিলেন।



অ্যাপটি সম্পর্কে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিকামী মানুষের অনুপ্রেরণা। আধুনিক প্রযুক্তির মাধ্যমে তাঁর জীবন সম্পর্কে জানাতে বঙ্গবন্ধু অ্যাপ তৈরি করা হয়েছে। অ্যাপটি আইওস প্ল্যাটফর্মে আনা হবে। বঙ্গবন্ধু অ্যাপকে আরও আধুনিক করে তোলার কাজ চলছে। বঙ্গবন্ধুকে নিয়ে লিখিত সুপঠিত বইগুলো অ্যাপে যুক্ত হবে। বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা জনসাধারণের সঙ্গে বঙ্গবন্ধুর ছবি, চিঠিগুলো পাঠানোর জন্য ওপেন প্ল্যাটফর্ম যুক্ত হবে। অ্যাপটির ইংরেজি সংস্করণ চালু হবে।

বঙ্গবন্ধুকে নিয়ে ভিআর (ভার্চুয়াল রিয়েলিটি) গেম নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী।

বঙ্গবন্ধু অ্যাপ গুগল প্লে স্টোরে গিয়ে ‘বঙ্গবন্ধু’ সার্চ দিয়েও অ্যাপটি ডাউনলোড করা যাবে। ডাউনলোড লিংক

<https://play.google.com/store/apps/details?>

[id=com.mcc.bangabandhu&hl=en](https://play.google.com/store/apps/details?id=com.mcc.bangabandhu&hl=en)